কৃষিই সমৃদ্ধি

# বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট
## গাজীপুর-১৭০১

স্মারক নং-১২.২১.০০০০.০০৫.২৭.০০৬.২১. ২৫৬৩৬ তারিখ: ১২/০১/২৫

## অফিস আদেশ

যেহেতু, জনাব সেলিম হোসেন BARI1730, সহকারী নিরাপত্তা অধিক্ষক, আঞ্চলিক কৃষি গবেষণা কেন্দ্র, বারি, রহমতপুর, বরিশাল ০৫-১১-২০১৯ হতে ০৩-০৩-২০২০ পর্যন্ত মোট ৩ মাস ২৯ দিন অর্জিত ছুটি ভোগের পর নির্ধারিত সময়ে কর্মস্থলে যোগদান না করে ০৪-০৩-২০২০ তারিখ হতে কর্তৃপক্ষের অনুমতি ব্যতিরেকে অননুমোদিতভাবে কর্মস্থলে অনুপস্থিত এবং নির্ধারিত সময়ে কর্মস্থলে যোগদান না করায় ০৫-০৩-২০২০, ২৪-০৩-২০২০ ও ২৭-০৪-২০২০ তারিখে অনুপস্থিতির সন্তোষজনক জবাব ও কর্মস্থলে যোগদানের জন্য ১ম, ২য় ও ৩য় তাগিদপত্র প্রদান করা হয়। কিন্তু জনাব সেলিম হোসেন কর্তৃপক্ষের নির্দেশনা উপেক্ষা করে জবাব দাখিল ও যোগদান না করে অননুমোদিতভাবে ১৩-০৬-২০২০ তারিখ পর্যন্ত অনুপস্থিত থেকে (৩ মাস ১০ দিন পর) ১৪-০৬-২০২০ তারিখে কর্মস্থলে যোগদান ও উক্ত অননুমোদিত ৩ মাস ১০ দিন ছুটি মঞ্জুরের জন্য আবেদন করেন। উক্ত অননুমোদিত ছুটি মঞ্জুর সংক্রান্ত কোন সিদ্ধান্ত হওয়ার পূর্বেই ১৪-০৬-২০২০ ও ১৫-০৬-২০২০ তারিখে কর্তৃপক্ষের অনুমতি ব্যতিরেকে হাজিরা খাতায় স্বাক্ষর করে ১৬-০৬-২০২০ হতে ০৫-১০-২০২০ তারিখ পর্যন্ত ১১২ দিন (৩ মাস ২২ দিন) অননুমোদিত ছুটি কাটিয়ে ০৬-১০-২০২০ তারিখে পুনরায় কর্মস্থলে যোগদানের আবেদন করেন। ০৬-১০-২০২০ হতে ১২-১০-২০২০ তারিখ পর্যন্ত কর্মস্থলে উপস্থিত থেকে পূর্বের অননুমোদিত ছুটির কোন সমাধান হওয়ার পূর্বেই ১৩-১০-২০২০ হতে ১৫-১০-২০২০ পর্যন্ত (০৩ দিন) নৈমিত্তিক ছুটির আবেদন করে পুনরায় কর্মস্থল ত্যাগ করেন এবং কর্তৃপক্ষের সাথে কোনরূপ যোগাযোগ ব্যতিরেকে কর্মস্থলে অনুপস্থিত থাকায় ইনস্টিটিউটের স্মারক নং-১২.২১.০০০০.০০৫.৭৬.০৮০.১৮-৫৫১৩ তারিখঃ ২২-০২-২০২১ মোতাবেক পত্র দেয়া হয়, কিন্তু তিনি কর্তৃপক্ষের নির্দেশনা মোতাবেক জবাব দাখিল করেননি ও কর্মস্থলে যোগদান না করায় বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট (বারি) কর্মচারী চাকরি প্রবিধানমালা, ২০২১ এর ৪৮ এর (ক) (খ) ও (গ) উপ প্রবিধি মোতাবেক ''দায়িত্ব পালনে অবহেলা, অসদাচরণ ও পলায়ন" কার্যক্রমের অভিযোগে অভিযুক্ত করে ইনস্টিটিউটের স্মারক নং-১২.২১.০০০০.০০৫.২৭.০০৬.২১.১৪০৪ তারিখঃ ২২-০৯-২০২১ মোতাবেক বিভাগীয় মামলা রুজুকরতঃ অভিযোগনামা (১ম কারণ দর্শানো নোটিশ) ও অভিযোগ বিবরনী জারি করা হয়;

যেহেতু, জনাব সেলিম হোসেন BARI1730, সহকারী নিরাপত্তা অধিক্ষক এর বিরুদ্ধে ১ম কারণ দর্শানো নোটিশের প্রেক্ষিতে আপনি যথাযথ কর্তৃপক্ষের মাধ্যম ছাড়াই তারিখ বিহীন স্বাক্ষরসহ লিখিত জবাব দাখিল করেন এবং দাখিলকৃত জবাবে আপনি আত্মপক্ষ সমর্থনে ব্যক্তিগত শুনানী চাওয়ায় ০৫ এপ্রিল ২০২২ তারিখে মহাপরিচালক মহোদয় কর্তৃক ব্যক্তিগত শুনানি গ্রহণ করা হয়। ব্যক্তিগত শুনানি'র জবাব সন্তোষজনক প্রতিপন্ন না হওয়ায় রুজুকৃত বিভাগীয় মামলার পরবর্তী কার্যক্রম গ্রহণের নিমিত্ত তাঁর বিরুদ্ধে আনীত অভিযোগসমূহ তদন্তপূর্বক প্রতিবেদন দাখিলের জন্য ইনস্টিটিউটের স্মারক নং-১২.২১.০০০০.০০৫.২৭.০৬.২১.৭৫৬২ তারিখঃ ২৩-০৫-২০২৩ মোতাবেক ড. মো. মোস্তাফিজুর রহমান তালুকদার BARI0211, প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা, আঞ্চলিক কৃষি গবেষণা কেন্দ্র, বারি, রহমতপুর, বরিশালকে সভাপতি করে ০৩ (তিন) সদস্য বিশিষ্ট তদন্ত কমিটি নিয়োগ প্রদান করা হয়;

যেহেতু, তদন্ত কমিটি কর্তৃক দাখিলকৃত তদন্ত প্রতিবেদনে জনাব সেলিম হোসেন BARI1730, সহকারী নিরাপত্তা অধিক্ষক এর বিরুদ্ধে বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট (বারি) কর্মচারী চাকরি প্রবিধানমালা, ২০২১ এর ৪৮ (ক) (খ) ও (গ) উপ প্রবিধি মোতাবেক ''দায়িত্ব পালনে অবহেলা, অসদাচরণ ও পলায়ন" এর অভিযোগ প্রমাণিত হয়;

যেহেতু, তদন্ত প্রতিবেদন এবং বিভাগীয় মামলার আনুষঙ্গিক কাগজপত্র পর্যালোচনান্তে তাঁর বিরুদ্ধে "দায়িত্ব পালনে অবহেলা, অসদাচরণ, পলায়ন" এর অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হওয়ায় বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট (বারি) কর্মচারী চাকরি প্রবিধানমালা, ২০২১ এর ৪৯ এর ১ (খ) (ড) উপ-প্রবিধি মোতাবেক কেন তাঁকে চাকরি হতে ''বরখাস্ত'' করা হবে না অথবা অন্য কোন গুরুদন্ড প্রদান করা হবে না এ মর্মে ২য় কারণ দর্শানো নোটিশ জারি করে ০৭ (সাত) কার্যদিবসের মধ্যে জবাব প্রদানের নির্দেশ দেয়া হয়;

যেহেতু, সে পরিপ্রেক্ষিতে অভিযুক্ত কর্মচারী জনাব সেলিম হোসেন BARI1730, সহকারী নিরাপত্তা অধিক্ষক নির্ধারিত সময়ের মধ্যে ২য় কারণ দর্শানো নোটিশ এর কোনরূপ জবাব দাখিল করেননি;

যেহেতু, অভিযুক্ত কর্মচারী জনাব সেলিম হোসেন BARI1730, সহকারী নিরাপত্তা অধিক্ষক এর বিরুদ্ধে রুজুকৃত বিভাগীয় মামলার বিষয়াদি ও সংশ্লিষ্ট কাগজপত্রাদি পর্যালোচনাপূর্বক বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট (বারি) কর্মচারী চাকরি প্রবিধানমালা, ২০২১ এর ৪৯ এর ১ (খ) (ড) উপ-প্রবিধি মোতাবেক চাকরি হতে ''বরখাস্ত'' গুরুদন্ড আরোপ করার সিদ্ধান্ত গৃহিত হয়;

যেহেতু, গত ০৮-১২-২০২৪ তারিখে অনুষ্ঠিত ইনস্টিটিউটের ৭৯তম বোর্ড সভায় জনাব সেলিম হোসেন BARI1730, সহকারী নিরাপত্তা অধিক্ষক-কে বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট (বারি) কর্মচারী চাকরি প্রবিধানমালা, ২০২১ এর ৪৯ এর ১ (খ) (ড) উপ-প্রবিধি মোতাবেক চাকরি হতে ''বরখাস্ত'' করার চূড়ান্ত অনুমোদন দেয়া হয়;

সেহেতু, জনাব সেলিম হোসেন BARI1730, সহকারী নিরাপত্তা অধিক্ষক, আঞ্চলিক কৃষি গবেষণা কেন্দ্র, বারি, রহমতপুর, বরিশাল এর বিরুদ্ধে আনীত অভিযোগ, বিভাগীয় মামলার তদন্ত প্রতিবেদন ও সংশ্লিষ্ট কাগজপত্রাদি পর্যালোচনাক্রমে **"দায়িত্ব পালনে অবহেলা, অসদাচরণ, পলায়ন"** এর অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হওয়ায় তাঁকে বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট (বারি) কর্মচারী চাকরি প্রবিধানমালা, ২০২১ এর ৪৯ এর ১ (খ) (ড) উপ-প্রবিধি মোতাবেক অত্র ইনস্টিটিউটের চাকরি হতে **''বরখাস্ত''** করা হলো।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

১২/১/২৫

(ড. মো. আব্দুল্লাহ ইউছুফ আখন্দ)
মহাপরিচালক
ফোন: ০২-৪৯২৭০০০০

জনাব সেলিম হোসেন BARI1730
সহকারী নিরাপত্তা অধিক্ষক, আঞ্চলিক কৃষি গবেষণা কেন্দ্র,
বারি, রহমতপুর, বরিশাল।

জনাব সেলিম হোসেন
পিতা- মো. আবুল হোসেন, গ্রাম-যোগীতলা, পোস্ট-ব্রি-১৭০১
গাজীপুর সদর, গাজীপুর।

অনুলিপিঃ-

১। পরিচালক (গবেষণা/সেবা ও সরবরাহ/প্রশিক্ষণ ও যোগাযোগ/পরিকল্পনা ও মুল্যায়ন/কন্দাল), বারি, গাজীপুর
২। মুখ্য বৈজ্ঞানিক কর্মকতা, এএসআইসিটি বিভাগ, বারি, গাজীপুর (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ করা হলো)
৩। মুখ্য বৈজ্ঞানিক কর্মকতা, আঞ্চলিক কৃষি গবেষণা কেন্দ্র, বারি, রহমতপুর, বরিশাল
৪। উপ-পরিচালক (প্রশাসন/অর্থ ও হিসাব), বারি, গাজীপুর
৫। মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বারি, গাজীপুর
৬। **রেজি./এডিঃ** জনাব সেলিম হোসেন BARI1730, সহকারী নিরাপত্তা অধিক্ষক, আঞ্চলিক কৃষি গবেষণা কেন্দ্র, বারি, রহমতপুর, বরিশাল
৭। **রেজি./এডিঃ** জনাব সেলিম হোসেন, পিতা- মো. আবুল হোসেন, গ্রাম-যোগীতলা, পোস্ট-ব্রি-১৭০১, গাজীপুর সদর, গাজীপুর।
৮। এসিআর সেল/কম্পিউটার সেল
৯। ব্যক্তিগত নথি/মাস্টার ফাইল/সংশ্লিষ্ট নথি।